

🗏 সাবা | Saba | سَبَأ

আয়াতঃ ৩৪: ২৪

💵 আরবি মূল আয়াত:

قُل مَن يَّرزُقُكُم مِّنَ السَّمٰوٰتِ وَ الأرضِ ۚ قُلِ اللَّهُ وَ إِنَّا أَو إِيَّاكُم لَعَلَى هُدًى أَو فِي ضَلَلِ مُّبِينِ ﴿٢٢﴾

বল, 'আসমানসমূহ ও যমীন থেকে কে তোমাদেরকে রিম্ক দেন? বল, 'আল্লাহ', আর নিশ্চয় আমরা অথবা তোমরা সৎপথে প্রতিষ্ঠিত অথবা স্পষ্ট বিভ্রান্তিতে পতিত'। — আল-বায়ান

বল- আসমান ও যমীন হতে কে তোমাদেরকে রিযক দান করেন? বল- আল্লাহ। হয় আমরা, না হয় তোমরা অবশ্যই সৎপথে পরিচালিত অথবা স্পষ্ট গুমরাহিতে পতিত। — তাইসিক্রল

বলঃ আকাশমন্ডলী ও পৃথিবী হতে কে তোমাকে রিক্ষ প্রদান করে? বলঃ আল্লাহ! এবং নিশ্চয়ই আমরা অথবা তোমরা সৎ পথে স্থিত অথবা স্পষ্ট বিভ্রান্তিতে পতিত। — মুজিবুর রহমান

Say, "Who provides for you from the heavens and the earth?" Say, "Allah. And indeed, we or you are either upon guidance or in clear error." — Sahih International

- ২৪. বলুন, আসমানসমূহ ও যমীন থেকে কে তোমাদেরকে রিযিক প্রদান করেন? বলুন, আল্লাহ। আর নিশ্চয় আমরা অথবা তোমরা সৎপথে স্থিত অথবা স্পষ্ট বিভ্রান্তিতে পতিত।(১)
 - (১) অর্থাৎ দু'দলের মধ্যে কেউ হক পথে থাকবে, আর কেউ থাকবে ভ্রান্ত পথে। [সা'দী]

তাফসীরে জাকারিয়া

- (২৪) বল, 'আকাশমন্ডলী ও পৃথিবী হতে কে তোমাদের জীবিকা সরবরাহ করে?' বল, 'আল্লাহ। নিশ্চয় আমরা অথবা তোমরা সৎপথে অথবা স্পষ্ট বিভ্রান্তিতে আছি।' [1]
 - [1] পরিষ্কার কথা যে, বিভ্রান্তিতে সেই আছে, যে সেই সকল সৃষ্টিকে উপাস্য মনে করে, যাদের আকাশ ও পৃথিবী থেকে আহার দানের ব্যাপারে কোন অংশই নেই; না তারা বৃষ্টি বর্ষণ করতে পারে, আর না তারা কিছু উৎপন্ন করতে সক্ষম। অতএব নিঃসন্দেহে কেবল তাওহীদবাদীরাই হকের উপর প্রতিষ্ঠিত আছে, দুই দলই নয়।

তাফসীরে আহসানুল বায়ান



• Source — https://www.hadithbd.com/quran/link/?id=3630

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন